# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

বিজ্ঞপ্তি

তারিখ: ০৯ অক্টোবর ২০২৫

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সালের ১৫ নং আইন) এর ধারা ২৪ (১) এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এতদ্বারা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিনিয়োগ শিক্ষার উন্নয়ন ও প্রশিক্ষণ) বিধিমালা, ২০১৬ এর নিম্নরূপ সংশোধনীর উপর সংশ্লিষ্ট সকলের মতামত, পরামর্শ বা আপত্তি আহবান করিতেছে।

খসড়া সংশোধনীর উপর মতামত, পরামর্শ বা আপত্তি কমিশনের ওয়েবসাইট/সংবাদপত্রে প্রকাশিত হইবার ২ (দুই) সপ্তাহের মধ্যে নিম্ন ঠিকানায় প্রেরণ করিবার জন্য অনুরোধ করা হইলো।

মতামত, পরামর্শ বা আপত্তি প্রেরণের ঠিকানা:

চেয়ারম্যান

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি, আগারগাঁও
শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭
ই-মেইল: chairman@sec.gov.bd এবং প্রতিলিপি: azizur@sec.gov.bd

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

আইন ডিভিশন
সিএমআরআরসি ডিপার্টমেন্ট
রেগুলেটরী সেকশন
www.sec.gov.bd

**প্রজ্ঞাপন (খসড়া)**
**তারিখ: ০৯ অক্টোবর ২০২৫**

নং-৫৩.০২.০০০০.০০০.২০১.২২.০৩৫১.১৬.০০/পিআরডি/০০ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সালের ১৫ নং আইন) এর ধারা ২৪ (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিনিয়োগ শিক্ষার উন্নয়ন ও প্রশিক্ষণ) বিধিমালা, ২০১৬ এর নিম্নরূপ সংশোধন প্রস্তাব করিলঃ

উপরিউক্ত বিধিমালার,-

বিধি ১৫ এর উপ-বিধি (২) নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হইবেঃ-

"(২) কমিশন হইতে একজন নির্বাহী পরিচালক ও একজন পরিচালককে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কর্মচারী চাকরি বিধিমালা, ২০২১ এর সংশ্লিষ্ট শর্ত পরিপালন সাপেক্ষে যথাক্রমে মহাপরিচালক ও অতিরিক্ত মহাপরিচালক পদে পদায়ন বা নিয়োগ করা হইবেঃ

তবে শর্ত থাকে যে, যদি কোনো কারণবশতঃ কমিশন উহার কর্মকর্তাদের মধ্য হইতে মহাপরিচালক এবং অতিরিক্ত মহাপরিচালক নিয়োগ করিতে না পারে, তাহা হইলে বোর্ড, কমিশনের পূর্বানুমোদনক্রমে, উপযুক্ত কোনো ব্যক্তিকে প্রযোজ্য শর্তসাপেক্ষে মহাপরিচালক ও অতিরিক্ত মহাপরিচালক পদে চুক্তিভিত্তিক নিয়োগ দান করিতে পারিবে।"।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

খন্দকার রাশেদ মাকসুদ
চেয়ারম্যান।